

## 🗏 সাবা | Saba | سُبَأ

আয়াতঃ ৩৪: ২৬

## 💵 আরবি মূল আয়াত:

## قُل يَجِمَعُ بَينَنَا رَبُّنَا ثُمَّ يَفتَحُ بَينَنَا بِالحَقِّ ا ۚ وَ هُوَ الفَتَّاحُ العَلِيمُ ﴿٢٢﴾

## 

বল, 'আমাদের রব আমাদেরকে একত্র করবেন। তারপর তিনি আমাদের মধ্যে সঠিকভাবে ফয়সালা করবেন। আর তিনিই শ্রেষ্ঠ ফয়সালাকারী ও সম্যুক পরিজ্ঞাত'। — আল-বায়ান

বল- আমাদের পালনকর্তা আমাদেরকে একত্রিত করবেন অবশেষে তিনি আমাদের মাঝে সত্য ও ন্যায়সঙ্গতভাবে ফয়সালা করবেন। তিনি সর্বশ্রেষ্ঠ ফয়সালাকারী, সর্বজ্ঞাতা। — তাইসিরুল

বলঃ আমাদের রাবব আমাদেরকে একত্রিত করবেন, অতঃপর তিনি আমাদের মধ্যে ন্যায়ের সাথে ফাইসালা করে দিবেন, তিনিই শ্রেষ্ঠ ফাইসালাকারী, সর্বজ্ঞ। — মুজিবুর রহমান

Say, "Our Lord will bring us together; then He will judge between us in truth. And He is the Knowing Judge." — Sahih International

২৬. বলুন, আমাদের রব আমাদের সকলকে একত্র করবেন, তারপর তিনি আমাদের মধ্যে সঠিকভাবে ফয়সালা করে দেবেন। আর তিনিই শ্রেষ্ঠ ফয়সালাকারী, সর্বজ্ঞ।

তাফসীরে জাকারিয়া

- (২৬) বল, 'আমাদের প্রতিপালক আমাদের সকলকে একত্রিত করবেন, অতঃপর তিনি আমাদের মধ্যে সঠিকভাবে ফায়সালা করে দেবেন,[1] তিনিই শ্রেষ্ঠ ফায়সালাকারী, সর্বজ্ঞ।'
  - [1] অর্থাৎ, আমল মত বদলা প্রদান করবেন; সৎলোকদেরকে জান্নাত এবং অসৎ লোকদেরকে জাহান্নামে প্রবেশ করাবেন।

তাফসীরে আহসানল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3632

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন